

অতীব জরুরি
ফ্যাক্স মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-২ শাখা

নং ১২.০০.০০০০.০২৬.৩৮.০২৫.১৬.৯৭

তারিখ ২১ চৈত্র ১৪২২ বঃ
০৪ এপ্রিল ২০১৬ খ্রিঃ

বিষয় : ইউনিয়ন পর্যায়ে ইউনিয়ন কৃষি পুনর্বাসন কমিটি পুনঃগঠন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে বর্তমানে দেশের বিভিন্ন অঞ্চলে ইউনিয়ন পঞ্চদশের নির্বাচন চলমান থাকার কারণে কৃষি পুনর্বাসন ও প্রণোদনার কার্যক্রম ইউনিয়ন পর্যায়ে বাস্তবায়ন করতে সমস্যার সৃষ্টি হচ্ছে বিধায় বিদ্যমান ইউনিয়ন কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির রূপরেখা অনুযায়ী কমিটি সাময়িক সময়ের জন্য পরিবর্তন করার প্রয়োজনীয়তা রয়েছে। এ প্রেক্ষাপটে সংশ্লিষ্ট জেলার ইউনিয়ন পর্যায়ে নির্বাচন সম্পন্ন হওয়ার পর নির্বাচিত চেয়ারম্যান ও সদস্য দায়িত্ব গ্রহণের পূর্ব পর্যন্ত নিম্নোক্তভাবে ইউনিয়ন কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি নির্দেশক্রমে পুনঃগঠন করা হলো। পুনঃগঠিত কমিটি নিম্নরূপ :

- | | |
|--|------------|
| (১) সংশ্লিষ্ট উপজেলার কৃষি সম্প্রসারণ কর্মকর্তা | : আহ্বায়ক |
| (২) সংশ্লিষ্ট ইউনিয়নের সচিব | : সদস্য |
| (৩) সংশ্লিষ্ট ইউনিয়নের উপ সহকারী কৃষি কর্মকর্তা(সকল) | : সদস্য |
| (৪) সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত একজন স্থানীয় গণ্যমান্য ব্যক্তি | : সদস্য |

যে সকল উপজেলায় উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তার পদ শূন্য সে সকল উপজেলায় উপজেলা কৃষি কর্মকর্তা আহ্বায়ক এর দায়িত্ব পালন করবেন। এছাড়া উপসহকারী কৃষি কর্মকর্তাদের মধ্যে জ্যেষ্ঠতম উপসহকারী কৃষি কর্মকর্তা বর্ণিত কমিটির সদস্য-সচিব এর দায়িত্ব পালন করবেন।

কমিটির কার্যপরিধি নিম্নরূপ :

- কৃষি পুনর্বাসন বাস্তবায়নের লক্ষ্যে প্রণীত নীতিমালা অনুযায়ী ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের অগ্রাধিকার তালিকা প্রণয়ন ;
- উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির তত্ত্বাবধানে কৃষি উপকরণ বিতরণ ;
- উপজেলা কৃষি বাস্তবায়ন কমিটি কর্তৃক অর্পিত অন্যান্য সকল দায়িত্ব পালন।

(মোঃ আব্দুল কাইয়ুম চৌধুরী)
সহকারী সচিব
ফোন নং ৯৫৪০৯৬৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
২. সংশ্লিষ্ট জেলা প্রশাসক/চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন কমিটি (সকল)।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সংশ্লিষ্ট উপ পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (সকল)।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)।
৭. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৮. সংশ্লিষ্ট জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা (সকল)।
৯. প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, ওয়েবসাইটে প্রকাশের জন্য।
১০. হিসাব রক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. অফিস কপি।